# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/পনি/এইচএসসি/২০২৬/১৪০৯

তারিখ ঃ ০৬ ফাল্গুন ১৪৩২ ব.
১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

## এইচএসসি পরীক্ষা-২০২৬ এর ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার ফরম পূরণের বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত নীতিমালা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হলো।

১। ক) এইচএসসি পরীক্ষা-২০২৬ এর পরীক্ষার্থীদের ফরম পূরণ অনলাইন eFF এর মাধ্যমে করতে হবে।

খ) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা আবেদন ফরম পূরণ করতে পারবে। কোনো পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোনো বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনোরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

গ) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেলিব্রাল পালসি বা বিশেষ শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের বিষয়টি শিথিলযোগ্য।

ঘ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরীক্ষার্থীদের এইচএসসি পরীক্ষায় অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয় ভিত্তিক মডেল টেস্ট গ্রহণ করতে পারে কিন্তু মডেল টেস্ট কোনো পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক নয় এবং এর জন্য অতিরিক্ত ফি ধার্য বা আদায় করা যাবে না।

২। ২০২৬ সালের এইচএসসি পরীক্ষা শুরুর তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৩। Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন: শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে(www.barisalboard.gov.bd) ১৮/০২/২০২৬ তারিখে প্রকাশ করা হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০১/০৩/২০২৬ তারিখ হতে ০৯/০৩/২০২৬ তারিখের মধ্যে Online এ নিম্নবর্নিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে Panel Link (HSC eFF 2026) এ ক্লিক করে EIIN ও Password দিয়ে Login করে Probable List এ যেতে হবে এবং Print করে হার্ডকপিতে লাল কালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি Probable List এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Temporary eFF List থেকে Select করে Submit করলে eFF List জমা হবে।

(গ) eFF List Print করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Select/Unselect করা যাবে।

(ঘ) eFF List চূড়ান্ত হলে Final Submit করতে হবে।

(ঙ) Final Submit করার পর Payment Menu Click করে Sonali Payment Gateway Payment এর মাধ্যমে Payment সম্পন্ন করতে হবে।

৪। Payment করার মাধ্যম:

(ক) সোনালী ব্যাংক অন-লাইন একাউন্ট।

(খ) Card Services ( NEXUS, AMEX, MASTER VISA)

(গ) Mobile Banking ( Nagad, bKash,Rocket,Tap)

**বিশেষ দ্রষ্টব্য:** Payment করার ক্ষেত্রে সোনালী ব্যাংক অন-লাইন একাউন্ট ব্যবহার করা শ্রেয়, তবে ২৫,০০০/- টাকার নিচে হলে Card Services অথবা Mobile Banking ব্যবহার করা যাবে।

৫। ইলেকট্রনিক ফরম ফিলাপ eFF এর কার্যক্রম নিম্নে প্রদত্ত হলো:

| ক্র: নং | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত (রিটেইন্ড) পরীক্ষার্থীদের তালিকাভূক্তির জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ : | ২৬/০২/২০২৬ |
| খ | জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ:<br>নোট: যে সকল পরীক্ষার্থী ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে ২০২৬ সালের পরীক্ষায় নির্ধারিত সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২৫ সালে আংশিক বিষয়ে ফরম পূরণ করে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উর্ত্তীণের বিষয়টি বাধ্যতামূলক নয়। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেলিব্রাল পালসি বা বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষায় উর্ত্তীণের বিষয়টি শিথিলযোগ্য। | ২৬/০২/২০২৬ |
| | নির্বাচনি পরীক্ষা গ্রহণ শেষে ফল প্রকাশের শেষ তারিখ: | ২৬/০২/২০২৬ |
| ঘ | রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ:<br>২০২০-২০২১ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০২৫ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০২৬ সালে ঐ এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা)। | ০১/০৩/২০২৬ |
| ঙ | বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েব সাইটে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা ( probable list ) প্রদর্শন | ২৮/০২/২০২৬ |
| চ | প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে Online এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ফিসের অর্থ জমা দেয়ার তারিখ:<br>উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বরকে গুরুত্ব দিয়ে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।<br>(খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ সংরক্ষণ করতে হবে। | ০১/০৩/২০২৬<br>থেকে<br>০৯/০৩/২০২৬ |
| ছ | পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত টাকা) হারে বিলম্ব ফিসহ ক্রমিক নং ৩ ও ৪ অনুযায়ী ফরম পূরণ করা যাবে | ১০/০৩/২০২৬<br>থেকে<br>১৮/০৩/২০২৬ |
| জ | Online এ eEIF সংশোধন ও নতুন অন্তর্ভুক্তি (পরীক্ষক নিয়োগের জন্য) | ১১/০৩/২০২৬<br>থেকে<br>২০/০৩/২০২৬ |

৬। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি এবং সোনালী ব্যাংকের পেমেন্ট রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৭। ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীদের ০২ (দুই) কপি তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী তৈরি করে এ বিজ্ঞপ্তি প্রকাশের ০৫ (পাঁচ) দিনের মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট (রুম নং-২০২) হাতে হাতে জমা দিতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না।

ছক

| ক্রমিক | বিভাগ | বিষয়ের নাম | বিষয় কোড | শিক্ষাবর্ষ | মোট পরীক্ষার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | | | | |